

২১-৩-২২
Director-HR



Bangladesh

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্ত শাখা



বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা, ১২০৯
www.pmeat.gov.bd

নং-৩৭.২৪.০০০০.০৩.০২৮.০০১.২২-৭৪

তারিখ: ০৭ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ
২১ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ

বিষয় : প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের মাধ্যমে ২০২১-২২ অর্থবছরে সারা দেশের স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদানের জন্য অনলাইনে নিদিষ্ট সময়ের মধ্যে পূরণকৃত শিক্ষার্থীর তথ্য এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ব্যাংক হিসাব নম্বরসহ সংশ্লিষ্ট তথ্যাদি ই-স্টাইপেন্ড সিস্টেমে ৩১ মার্চ ২০২২ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিতকরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের মাধ্যমে ২০২১-২২ অর্থবছরে সারা দেশের স্নাতক (পাস) ও সমপর্যায়ের দরিদ্র ও মেধাবী ছাত্র-ছাত্রীদের উপবৃত্তি প্রদানের লক্ষ্যে ০৯ জানুয়ারি থেকে ১২ ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত শিক্ষার্থীরা অনলাইনে আবেদন করে। নিদিষ্ট সময়ের মধ্যে শিক্ষার্থীদের অনলাইনে পূরণকৃত আবেদনসমূহ এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ব্যাংক হিসাব নম্বরসহ সংশ্লিষ্ট তথ্যাদি ই-স্টাইপেন্ড সিস্টেম ব্যবহার করে ২২ মার্চ ২০২২ তারিখের মধ্যে ট্রাস্ট অফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলেও এখন পর্যন্ত অনেক শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ দরিদ্র ও মেধাবী ছাত্র-ছাত্রীদের উপবৃত্তির আবেদনসমূহ ট্রাস্টে প্রেরণ করেননি। নিদিষ্ট সময়ের মধ্যে উক্ত শিক্ষার্থীদের আবেদনসমূহ ট্রাস্টের সার্ভারে প্রেরণ না করা হলে এসব শিক্ষার্থী ২০২২ সালের উপবৃত্তি প্রাপ্তি থেকে বঞ্চিত হবে এবং তাদের শিক্ষা জীবন বাধাগ্রস্ত হবে।

২। উল্লেখ্য, শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ ই-স্টাইপেন্ড সিস্টেমে প্রবেশ করে (পূর্বের User ID ও Password ব্যবহার করে অথবা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের EMIS সফটওয়্যারের User ID ও Password ব্যবহার করেও লগইন করতে পারবেন) শিক্ষা প্রতিষ্ঠানের ব্যাংক হিসাব নম্বর যথাযথভাবে প্রদান করা অতিব জরুরি। শিক্ষা প্রতিষ্ঠানের ব্যাংক হিসাব নম্বর ই-স্টাইপেন্ড সিস্টেমে প্রদান করা না হলে টিউশন ফি প্রদানের জন্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহে অর্থ বিতরণ করা সম্ভব হবে না।

৩। এমতাবস্থায়, ২০২২ সালের সারা দেশের স্নাতক (পাস) ও সমপর্যায়ের দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের অনলাইনে পূরণকৃত আবেদনসমূহ সিস্টেম (<http://estipend.pmeat.gov.bd>) ব্যবহার করে আগামী ৩১ মার্চ ২০২২ তারিখের মধ্যে ট্রাস্ট অফিসে প্রেরণের বিষয়ে শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রধানগণকে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করে মাননীয় প্রধানমন্ত্রী-র সানুগ্রহ নির্দেশনা পালনে সহায়তা করার জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

৪। যে কোন প্রয়োজনে নিম্নবর্ণিত ফোন নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

হট লাইন : ০১৭৭৮৯৫৮৩৫৬
০১৭৭৮৯৬৪১৫৬

২১.০৬.২০২২
(নাসরীন আফরোজ)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার-সকল
(সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে জরুরি ভিত্তিতে
অবহিত করার নির্দেশনা প্রদান করা হলো)

ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৫৫০০০৪২৩
ই-মেইল:md@pmeat.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
২. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৩. রেজিষ্টার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৪. রেজিষ্টার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআই সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. ব্যবস্থাপনা পরিচালক/পরিচালক-এর ব্যক্তিগত সহকারী, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।

৩৫৬
২১/৩/২২